
# শিশুসাহিত্য পুরস্কার ত্রিদিবকে



স্টাফ রিপোর্টার : 'এখনও গায়ে কাঁটা দেয়' গল্প সংকলনের জন্য সাহিত্য অকাদেমির বাল সাহিত্য পুরস্কার পেলেন প্রকাশক-সাহিত্যিক ত্রিদিবকুমার চট্টোপাধ্যায়। ২০২৩ সালে ছোটদের সাহিত্যে সামগ্রিক অবদানের জন্য পশ্চিমবঙ্গ সরকারের 'বিদ্যাসাগর স্মৃতি পুরস্কার'-এ সম্মানিত করা হয়েছিল এই শিশু-কিশোর সাহিত্যিককে। এবার মিলল শিশু সাহিত্যের সর্বোচ্চ সম্মান 'বাল সাহিত্য পুরস্কার'। বুধবার ত্রিদিববাবু 'সংবাদ প্রতিদিন'-কে প্রতিক্রিয়ায় জানালেন, ''যেকোনও পুরস্কারই আনন্দের। দেশের সর্বোচ্চ সারস্বত প্রতিষ্ঠানের শিশু সাহিত্য বিভাগে সর্বোচ্চ পুরস্কার গৌরবের, শ্লাঘারও বটে। এতদিনে শিশু-কিশোরদের নিয়ে লেখালিখি সার্থক হল।''